

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৭. ২. ৯. ঈশ্বরের জন্য বরাদ্দকৃত কুমারী মেয়েরা

ঈশ্বরের প্রিয় প্রজারা ঈশ্বরকেও বঞ্চিত করলেন না। ঈশ্বরের একার জন্যই বরাদ্দ করা হল বত্রিশ জন কুমারীকে "এগুলোর মধ্য থেকে মাবুদের পাওনা খাজনা হল ছ'শো পঁচাত্তরটা ভেড়া ও ছাগল, ছত্রিশ হাজার গরু, ত্রিশ হাজার পাঁচশো গাধা এবং বত্রিশ জন অবিবাহিতা সতী মেয়ে।" (শুমারী/ গণনা ৩১/৩৬-৪০)

আমরা ইতোপূর্বে বলেছি যে, ঈশ্বরের জন্য বরাদ্দকৃত পশুগুলো 'পোড়ানো কুরবানী' করতে হয়; অর্থাৎ জবাই করে বা গলা ছিড়ে মেরে ফেলে আগুনে পুড়িয়ে ফেলতে হয়। পোড়া মাংসের খোশবুতে ঈশ্বর প্রীত হন। তাহলে এ বিত্রিশ জন কুমারী মেয়েকেও কি এভাবে 'পোড়ানো-কোরবানী' করা হয়েছিল? তাদের পোড়া মাংস ও চর্বির খোশবুতে কি ঈশ্বর প্রীত হয়েছিলেন?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14609

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন